

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৯

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ এক কাপড়ে সালাত আদায় করা।

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ فِي الثَّوْبِ الْوَاحِدِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ، أَنَّهُ رَأًى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يُصلِّي فِي بَيْتِ أُمِّ سَلَمَةَ مُشْتَمِلاً فِي تَوْب وَاحِدٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَجَابِرٍ وَسَلَمَةَ بْنِ الأَكْوَعِ وَأَنسٍ وَعَمْرِو بْنِ أَبِي أُسَيْدٍ وَعُبَادَةَ بْنِ الصَّامِتِ وَأَبِي سَعِيدٍ وَكَيْسَانَ وَابْنِ عَبَّاسٍ وَعَائِشَةَ وَأُمِّ هَانِئ وَعَمَّارِ بْنِ يَاسِرٍ وَطُلْقِ بْنِ عَلِي وَصَامِتِ الأَنْصَارِيّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُمَرَ بْنِ وَعَمَّارِ بْنِ يَاسِرٍ وَطُلْقِ بْنِ عَلِيّ وَصَامِتِ الأَنْصَارِيّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُمَرَ بْنِ وَعَمَّارِ بْنِ يَاسِرٍ وَطُلْقِ بْنِ عَلِيّ وَصَامِتِ الأَنْصَارِيّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ حَدِيثُ حَسَنُ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ أَبِي سَلَمَةَ حَدِيثُ حَسَنُ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّابِيّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ مِنَ التَّابِعِينَ وَغَيْرِهِمْ قَالُوا لاَ بَأْسَ بِالصَّلاَةِ فِي التَّي صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ مِنَ التَّابِعِينَ وَغَيْرِهِمْ قَالُوا لاَ بَأْسَ بِالصَّلاَةِ فِي التَّوْبِ الْوَاحِدِ . وَقَدْ قَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ يُصَلِّي الرَّجُلُ فِي تَوْبَيْنِ .

বাংলা

৩৩৯. কুতায়বা (রহঃ) উমর ইবনু আবী সালামা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এক কাপড়ে উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা-এর ঘরে সালাত আদায় করতে দেখেছেন। - ইবনু মাজাহ ১০৪৯, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ হুরায়রা, জাবির, সালামা ইবনুল আকওয়া, আনাস, আমর ইবনু আবী আসীদ, উবাদা ইবনুস সামিত, আবৃ সাঈদ, কায়সান, ইবনু আব্বাস, আয়িশা, উম্মু হানী, আম্মার ইবনু ইয়াসির এবং তালক ইবনু আলী রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ উমর ইবনু আবী সালামা (রহঃ) বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। অধিকাংশ সাহাবী, তৎপরবর্তী তাবিঈ ও আলিমগণ এই হাদীস অনুসারে আমল করেছেন। তাঁরা বলেনঃ এক কাপড়ে সালাত আদায় করায় কোন দোষ নেই। আলিমদের কেউ কেউ বলেনঃ মুসল্লিকে দুই কাপড়ে সালাত আদায় করতে হবে।



English

Umar bin Abi Salamah narrated that he saw : Allah's Messenger performing Salat in the house of Umm Salamah wrapped in one garment.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনু আবূ সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন